গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ

বাজেট-২ শাখা

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বাজেট পরিপত্র-১ অনুসরণে ২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির ১ম সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ০৪.০১.২০২৪ |
| সভার সময় | দুপুর ১২:০০ টা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্লাটফরম। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (সভাকক্ষ ও জুম প্লাটফরম) |

সভাপতি সভাকক্ষে এবং জুম প্লাটফরমে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ; প্রস্তাবিত ব্যয়সীমা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ এবং ২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ-সহ অর্থবিভাগ কর্তৃক বাজেট পরিপত্র-১ জারী করা হয়েছে। বাজেট পরিপত্রের আলোকে ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ- এর সুপারিশসমূহ পর্যালোচনা ও চূড়ান্তকরণের জন্য আজকের সভা আহবান করা হয়েছে। অত:পর তিনি আলোচ্যসূচি সভায় উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)-কে অনুরোধ জানান। উপসচিব (বাজেট) বাজেট ওয়ার্কিং গ্রুপ- এর সুপারিশ/সিদ্ধান্তসমূহ ও সভার আলোচ্যসূচি নিম্নরূপভাবে উপস্থাপন করেনঃ

**বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ/সিদ্ধান্তসমূহঃ**

**(ক-১)** রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগের (অংশ-১ হতে ৫) খসড়া সংশোধনপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের লক্ষ্যে ০১/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) বাংলাদেশ রেলওয়ে।

**(ক-২)** রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগের অংশ-৬ অনুযায়ী 'অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং প্রাক্কলন' সংক্রান্ত তথ্য বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভায় পর্যালোচনার লক্ষ্যে আগামী ০৪/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন/উন্নয়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর, এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

**(খ)** ২০২৪-২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা অনুযায়ী রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের উপর্যুক্ত সুপারিশ/প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং উক্ত বিভাজনের আলোকে ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে ০১/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

**(গ)** ২০২৪-২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা অনুযায়ী সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের উপর্যুক্ত সুপারিশ/প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং উক্ত বিভাজনের আলোকে ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৮(ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ফরম-৮(ক-২): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে ০১/০১/২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

(ঘ) ২০২৪-২৫ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা কমানো বিষয়ে সুনির্দিষ্টকরণসহ ০১.০১.২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণে করতে হবে।

বাস্তবায়নেঃ (১) পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে, (২) উপপরিচালক (বাজেট), বাংলাদেশ রেলওয়ে।

(ঙ) বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটে ১১৭টি ইউনিটে ৪৩০০.৮০ কোটি টাকার বিভাজন আরও যাচাই ও সংশোধনক্রমে ০১.০১.২০২৪ তারিখের মধ্যে বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) উপপরিচালক (বাজেট), বাংলাদেশ রেলওয়ে।

(চ) বাংলাদেশ রেলওয়ের ২০২৪-২৫ অর্থবছরের উন্নয়ন বাজেটের প্রকল্প ভিত্তিক বিভাজন প্রস্তাব ০১.০১.২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে।

সভার আলোচ্যসূচিসমূহ:

আলোচ্যসূচি-১: বাজেট পরিপত্র-১ ও প্রাথমিক রিসোর্স সিলিং

আলোচ্যসূচি-২: অংশ-১: রেলপথ মন্ত্রণালয়ের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

আলোচ্যসূচি-৩: অংশ-২: রেলপথ মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

আলোচ্যসূচি-৪: অংশ-৩: দারিদ্র নিরসন, নারী উন্নয়ন, ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

আলোচ্যসূচি-৫: অংশ-৪.১: অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ
অংশ-৪.২: মধ্যমেয়াদি ব্যয়প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭)

আলোচ্যসূচি-৬: অংশ-৫: মন্ত্রণালয় বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI)

আলোচ্যসূচি-৭: ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা
ফরম-৩:অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা।

আলোচ্যসূচি-৮: ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা।
ফরম-৬(ক):অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের পরিচালন কার্যক্রমের ব্যয়সীমা।
ফরম-৬(খ):উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের ব্যয়সীমা

আলোচ্যসূচি-৯: বিবিধ:

০২। সভায় আলোচ্যসূচি-১ এ উল্লেখিত বাজেট পরিপত্র-১ ও প্রাথমিক রিসোর্স সিলিং উপস্থাপন করা হয় এবং বাজেট পরিপত্র-১ এর অনুশাসনসমূহ নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়ঃ

- পরিপত্র-১ এর আলোকে রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা নির্ধারণ করা
- বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা করা
- বিএমসি কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন করা
- অধিনস্ত দপ্তর/সংস্থা-কে বাজেট কাঠামোর ২য় ভাগ প্রস্তুত করার অনুরোধ করা
- অধিনস্ত দপ্তর/সংস্থা-কর্তৃক বাজেট কাঠামোর ২য় ভাগ সংশোধন/হালনাগাদ করা
- বাজেট ইউনিটওয়ারী প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন করা
- বাজেট কাঠামোর ২য় ভাগ পরীক্ষা ও চূড়ান্ত করা
- বাজেট কাঠামোর ২য় ভাগ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা
- পরিকল্পনা কমিশনের সাথে পরামর্শ করা
- মন্ত্রণালয়ের বাজেট কাঠামো চূড়ান্ত করা,
- দারিদ্র বিমোচন, নারী উন্নয়ন, জলবায়ু সহিষ্ণুতা ইত্যাদি প্রশমনের প্রভাবের প্রতিফলন এবং অন্যান্য বিষয় স্পষ্টীকরণ করা এবং
- ২৫ জানুয়ারী, ২০২৪ তারিখের মধ্যে প্রস্তাবিত বাজেট কাঠামো অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা

০৩। রেলপথ মন্ত্রণালয়ের প্রাথমিক রিসোর্স সিলিং সভায় যথাক্রমে নিম্নের ২টি ছকে (ছক-ক ও ছক-খ) ২০২৪-২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের জন্য রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৬-২৭) এবং প্রস্তাবিত ব্যয়সীমা, পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ (২০২৫-২৬ হতে ২০২৬-২৭) ও ২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ নিম্নোক্ত ছক-ক ও ছক-খ এর মাধ্যমে উপস্থাপন করা হয়ঃ

| **ছক-কঃ রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ০২ (দুই) বছরের** প্রক্ষেপণ (কোটি টাকায়) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **পরিপত্র** | **কোড** | **মন্ত্রণালয়/বিভাগ** | **বাজেট ২০২৩-২৪** | **প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫** | **প্রক্ষেপণ** | |
| | | | | | **২০২৫-২৬** | **২০২৬-২৭** |
| বাজেট পরিপত্র-১ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৮০০.৯৫ | ২৮৮৪.৯৮ | ৩০২৯.২২ | ৩১৮০.৬৯ |

| ছক-খঃ প্রাথমিক ব্যয়সীমা (প্রাথমিক রিসোর্স সিলিং) (কোটি টাকায়) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয় কোড** | **বিবরণ** | **বাজেট ২০২৩-২৪** | **প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫** | **প্রক্ষেপণ ২০২৫-২৬** | **প্রক্ষেপণ ২০২৬-২৭** | **প্রকল্প সাহায্য ২০২৪-২৫** |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ১৯০১০.৬৯ | ১৫০২৭.৫৮ | ১৬০৭৯.৫১ | ১৭২০৫.০৭ | ৬১৭৬.৮৫ |

০৪। সভায় জানানো হয় যে, আলোচ্যসূচি-২ হতে ৬ পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর প্রথম ভাগ: অংশ ১-৫ যেমন- মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি (অংশ-১); মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ (অংশ-২); দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য (অংশ-৩); অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ এবং মধ্যমেয়াদি ব্যয়প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭) (অংশ-৪); মন্ত্রণালয়ের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (অংশ-৫) এর হালনাগাদকরণ সংক্রান্ত বাংলাদেশ রেলওয়ে কর্তৃক উপস্থাপিত খসড়া প্রস্তাব ৩১/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নরূপভাবে সুপারিশ উপস্থাপন করা হয়ঃ

**(ক-১)** রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগের (অংশ-১ হতে ৫) খসড়া সংশোধনপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের লক্ষ্যে ০১/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) বাংলাদেশ রেলওয়ে।

**(ক-২)** রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ২য় ভাগের অংশ-৬ অনুযায়ী 'অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং প্রাক্কলন' সংক্রান্ত তথ্য বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভায় পর্যালোচনার লক্ষ্যে আগামী ০৪/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন/উন্নয়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর, এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নের লক্ষ্যে বাজেট ওয়ার্কিং গ্রুপের ১ম সভায় মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগের কতিপয় ক্ষেত্রে বানান সংশোধন এবং মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমের ক্ষেত্রে শব্দ সংযোজনের প্রস্তাব করা হয়। সে মোতাবেক বাংলাদেশ রেলওয়ে হতে কতিপয় ক্ষেত্রে বানান এবং শব্দগত সংযোজন করে মন্ত্রণালয়ের বাজেট কাঠামো হালনাগাদকরণের প্রস্তাব করা হয়েছে। মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১.০ মিশন স্টেটমেন্ট; ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য অংশে কোন সংশোধনের প্রস্তাব করা হয়নি। তাছাড়া ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ এবং ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৪-২৫ হতে ২০২৬-২৭) অংশটি আইবাস++ সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে সংশোধন হবে। তবে বাজেট ওয়ার্কিং গ্রুপের সুপারিশ মোতাবেক অংশ ১.২ প্রধান কার্যাবলী; ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ; ৪.১ অগ্রাধিকার ব্যয় খাত/ কর্মসূচিসমূহ; এবং মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ এ কিছু বানান এবং শব্দগত পরিবর্তন আনয়নের বিষয়ে একমত পোষণ করা হয়।

০৫। সভায় ২০২৩-২৪ অর্থবছরের জন্য রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর অংশ-৫: মন্ত্রণালয় বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়ঃ

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. ট্রেনের সম**য়ানুবর্তিতার হার** | **১-৩** | % | **৮১** | **৯০** | **৮৩** | **৮৮** | **৮৮** | **৮৪** | **৮৬** |
| ২. বাৎসরিক যাত্রী পরিবহন **প্রবৃদ্ধি*** | **১-৩** | % | **১৪.০৬** | **১৫** | **(৯.৩৭)** | **১৭.১৮** | **১৮.৭৫** | **২১.৮৭** | **২৩.৪৩** |
| ৩. মালামাল পরিবহনে বার্ষিক প্রবৃদ্ধি | **১-৩** | % | **১৮.৬৪** | **৪১.৪৫** | **২৫.৪২** | **৩৫.৫৯** | **৫৫.৯৩** | **৫৯.৩২** | **৬২.৭১** |

১*মোট যাত্রী ও যাত্রীদের ভ্রমণকৃত মোট দুরত্বের গুনফল। ২** ১নং কলামে ১-৩ নং ক্রমিকের সকল নির্দেশকের ভিত্তিবছর (2019-20)

৩. ১ম বন্ধনীস্থ সংখ্যাগুলো চরম মান নির্দেশক; *বন্ধনীর মান ঋণাত্বক

যেহেতু বাজেট পরিপত্র-১ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামোয় উল্লিখিত মিশন স্টেটমেন্ট, কৌশলগত উদ্দেশ্য ও কর্মকৃতি নির্দেশকসমূহ হুবহু সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'-তে প্রতিফলন নিশ্চিত করার নির্দেশনা রয়েছে সেহেতু 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' প্রণয়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ তা যাতে যথাযথভাবে অনুসরণ করেন সে বিষয়ে সভায় যুগ্মসচিব (বাজেট-৫) অর্থবিভাগ সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করেন। সার্বিক আলোচনান্তে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট কাঠামোর ১ম ভাগ অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। তাছাড়া বাজেট ওয়ার্কিং গ্রুপের ২য় সভায় বাজেট কাঠামোর ২য় ভাগের অংশ-৬ অনুযায়ী 'অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং প্রাক্কলন' সংক্রান্ত তথ্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যথাযথ সংশোধন ও পরিমার্জনপূর্বক সামগ্রিক পরিচালন ও উন্নয়ন ব্যয়ের যৌক্তিক আকার নির্ধারণের লক্ষ্যে বাজেট কাঠামোর ২য় ভাগের হালনাগাদ তথ্য আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর/অনুবিভাগ প্রধান-কে অনুরোধ করা হয়।

০৬। সভার আলোচ্যসূচি-৭ অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/পরিদপ্তর হিসেবে সচিবালয়, রেলপথ পরিদর্শন অধিদপ্তর ও বাংলাদেশ রেলওয়ের মধ্যে বিভাজন প্রস্তাব অর্থাৎ ফরম-১ অনুমোদনের জন্য নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হয়ঃ

| ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (কোটি টাকায়) | | | | |
|---|---|---|---|---|
| অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর | সংশোধিত বাজেট ২০২৩-২৪ | প্রস্তাবিত বাজেট ২০২৪-২৫ | প্রক্ষেপণ | |
| | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| সচিবালয় | .০৬ | ০.০৭ | ০.০৭ | ০.০৮ |
| রেলপথ পরিদর্শন অধিদপ্তর | -- | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট সচিবালয় অংশ** | ০.০৬ | ০.০৭ | ০.০৭ | ০.০৮ |
| মহাপরিচালকের কার্যালয় | ১৪০.০০ | ১৬০.০০ | ১৭০.০০ | ১৮০.০০ |
| মহাব্যবস্থাপকের কার্যালয়সমূহ, চট্টগ্রাম | ১২০৮.১১ | ১৫৪০.০০ | ১৬৫০.০০ | ১৭৫৭.৬১ |
| মহাব্যবস্থাপকের কার্যালয়সমূহ, রাজশাহী | ৭৮০.২১ | ১১৮৪.৯১ | ১২০৯.১৫ | ১২৪৩.০০ |
| বাংলাদেশ রেলওয়ে | ২১২৮.৩২ | ২৮৮৪.৯১ | ৩০২৯.১৫ | ৩১৮০.৬১ |
| সর্বমোট= | ২১২৮.৩৮ | ২৮৮৪.৯৮ | ৩০২৯.২২ | ৩১৮০.৬৯ |

০৭। সভায় আলোচ্যসূচি-৭ এর বিষয়ে 'বাজেট ওয়ার্কিং গ্রুপ' এর ১ম সভার নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ পর্যালোচনা করা হয়ঃ

**(খ)** ২০২৪-২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা অনুযায়ী রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের উপর্যুক্ত সুপারিশ/প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং উক্ত বিভাজনের আলোকে ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে ০১/০১/২০২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

সভায় জানানো হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের সচিবালয়, বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক (কেন্দ্রীয় অঞ্চল), জেনারেল ম্যানেজার (পূর্ব ও পশ্চিম) এর কার্যালয়সমূহ শীর্ষক সর্বমোট ০৪টি বাজেট ইউনিটের মধ্যে অর্থবিভাগ কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ বিভাজনের আলোকে আইবাস++ সিস্টেমে ফরম-৩ পূরণ করা হয়েছে। বাজেট ইউনিটসমূহ কর্তৃক অর্থনৈতিক কোডভিত্তিক লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ আইবাস++ সিস্টেমে এন্ট্রির মাধ্যমে ফরম-৭ পূরণ করে আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

০৮। সভায় আরো জানানো হয় যে, ২০২৪-২৫ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের জেনারেল ম্যানেজার (পশ্চিম) এর কার্যালয়সমূহের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১১৮৪.৯১ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে জানান যে, বাংলাদেশ রেলওয়ের পশ্চিমাঞ্চলের আয়ের খাত কম বিধায় এ লক্ষ্যমাত্রা অর্জিত হবে না মর্মে উল্লেখ্য করেন। অর্থ বিভাগের যুগ্মসচিব (বাজেট-৫) সভায় জানান যে, প্রতিটি ট্রেনের আয়ের/ব্যয়ের পরিসংখ্যান রয়েছে কিনা। যদি পরিসংখ্যান থাকে তাহলের আয়ের/ব্যয়ের প্রকৃত চিত্র পাওয়া যাবে। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বলেন, বাংলাদেশ রেলওয়ের রক্ষণাবেক্ষণ ব্যয় অনেক বেশি যদি পরিচালন ব্যয় কমিয়ে দেয়া হয় তাহলে রেল পরিচালনা করা অসম্ভব হয়ে পড়বে। সভায় এ বিষয়ে আলোচনান্তে রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির বিগত অর্থবছরসমূহের লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অর্জন প্রবণতার সাথে সামঞ্জস্য রেখে ২০২৩-২৪ অর্থবছরের জন্য রাজস্ব প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ যৌক্তিক আকারে পুনঃ ধার্য্যকরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থবিভাগে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করা হয়।

০৯। সভার আলোচ্যসূচি-৮ অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের জন্য অর্থবিভাগ কর্তৃক নির্ধারিত সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন ও পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর হিসেবে সচিবালয় ও বাংলাদেশ রেলওয়ের মধ্যে বিভাজন প্রস্তাব অর্থাৎ ফরম-২ অনুমোদনের জন্য নিম্নোক্ত ছকে উপস্থাপন করা হয়ঃ

১০। সভায় আলোচ্যসূচি-৮ এর বিষয়ে ‘বাজেট ওয়ার্কিং গ্রুপ’ এর ১ম সভার নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ পর্যালোচনা করা হয়ঃ

(গ) ২০২৪-২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা অনুযায়ী সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের উপর্যুক্ত সুপারিশ/প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হয় এবং উক্ত বিভাজনের আলোকে ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৮(ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ফরম-৮(ক-২): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে ০১/০১/২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।
বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

বাংলাদেশ রেলওয়ের হতে অধীনস্থ বাজেট ইউনিট/প্রকল্পওয়ারী ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য পরিচালন ব্যয় এবং উন্নয়ন ব্যয় এর প্রাথমিক ব্যয়সীমার প্রাক্কলন ও পরবর্তী ২(দুই) অর্থবছরের প্রক্ষেপণ সভায় উপস্থাপন করা হয়। সভায় জানানো হয় যে, বাংলাদেশ রেলওয়ের অধীন সকল বাজেট ইউনিট ও প্রকল্পের জন্য যথাক্রমে পরিচালন ও উন্নয়ন ব্যয়ের সিলিং এর আলোকে আইবাস++ সিস্টেমে এন্ট্রি প্রদানের মাধ্যমে ইতোমধ্যে ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা পূরণ করা হয়েছে। সভাপতি জানান যে, বাজেট পরিপত্র-১ এর সময়সূচি অনুযায়ী অধিদপ্তর পর্যায়ে ১৭/০১/২০২৩ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটি’র সভা আহবান করে সকল বাজেট ইউনিট ও প্রকল্পের সিলিং বিভাজন যাচাইপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে বাংলাদেশ রেলওয়ের বাজেট ইউনিট ও প্রকল্পওয়ারী সিলিং বিভাজন প্রস্তাব পুনঃ পরীক্ষা/নিরীক্ষা পূর্বক অর্থনৈতিক কোড ভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন আগামী ১০/০৪/২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে সভাপতি অনুরোধ জানান।

১১। সভায় আরো জানানো হয় যে, ‘বাজেট ওয়ার্কিং গ্রুপ’ এর ১ম সভায় বাংলাদেশ রেলওয়ের জন্য প্রস্তাবিত উন্নয়ন বাজেটে মোট ১০৬০৬.৮৫ কোটি (জিওবি ৪৪৩০.০০ কোটি এবং পিএ ৬১৭৬.৮৫ কোটি) টাকা বরাদ্দ প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত জিওবি’র তুলনায় রাজস্ব খাতে আরো ৩৩৩৪.১৫ কোটি এবং পিএ খাতে ২২৩১.৯৩ কোটিসহ সর্বমোট ৫৫৬৬.০৮ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ চাওয়া হয়েছে। সভায় রেলওয়ের জিওবি খাতের উল্লিখিত ‘অতিরিক্ত চাহিদা’-র বিষয়টি বাজেট ব্যবস্থাপনা কমিটির আজকের সভায় উপস্থাপন করার সুপারিশ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে যৌক্তিকতাসহ জিওবি খাতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভাপতি মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ জানান।

১২। অতঃপর বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক-১) বাজেট কাঠামোর ১ম ভাগের (অংশ-১ হতে ৫) খসড়া এ কমিটির সুপারিশ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনপূর্বক অধীনস্ত সকল বাজেট ইউনিটে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাজেট-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়।

(ক-২) বাজেট কাঠামোর ২য় ভাগের অংশ-৬ অনুযায়ী 'অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা সংক্রান্ত তথ্য আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

(খ) অধিদপ্তর পর্যায়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের সভাপতিত্বে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা আহবান করে সকল বাজেট ইউনিটের প্রস্তাবিত বাজেট সিলিং (রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) পুনঃ পরীক্ষা/নিরীক্ষার মাধ্যমে বাজেটের যৌক্তিক আকার নির্ধারণসহ অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট আগামী ১০/০১/২০২৪ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে।

**(গ-১)** ২০২৪-২৫ অর্থবছরে অধিদপ্তর/পরিদপ্তর অনুযায়ী রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের আলোকে ফরম-৩: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে আগামী ১০/০১/২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

**(গ-২)** রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব প্রাপ্তির বিগত অর্থবছরসমূহের লক্ষ্যমাত্রা এবং প্রকৃত অর্জন প্রবণতার সাথে সামঞ্জস্য রেখে ২০২৪-২৫ অর্থবছরের জন্য রাজস্ব ও প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা এবং পরবর্তী ২(দুই) বছরের প্রক্ষেপণ যৌক্তিক আকারে পুনঃধার্য্যকরণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থবিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে।

**(গ)** ২০২৪-২৫ অর্থবছরে অধিদপ্তর/পরিদপ্তর অনুযায়ী সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ এর প্রক্ষেপণ বিভাজনের আলোকে ফরম-৪: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৮(ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক


পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ এবং ফরম-৮(ক-২): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরিসহ আইবাসে এন্ট্রি সম্পন্ন করে আগামী ১০/০১/২৪ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ (১) প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়, (২) রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং (৩) বাংলাদেশ রেলওয়ে।

(ঘ) ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের উন্নয়ন বাজেটের জিওবি খাতে ৩৩৩৪.০০ কোটি টাকার অতিরিক্ত বরাদ্দ চাহিদার বিষয়ে যৌক্তিকতাসহ পূর্ণাঙ্গ প্রস্তাব এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ বাংলাদেশ রেলওয়ে।

১৩। অতঃপর আর কোন আলোচ্যসূচি না থাকায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৩.১১.০০১.২৩.১৮৬

তারিখ: ২৪ পৌষ ১৪৩০
০৮ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
২) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬) অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
৭) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৮) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
১০) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
১১) উপসচিব, নরডিক অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
১২) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১৩) উপসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১৪) উপসচিব, প্রশাসন-৪ শাখা, রেলপথ মন্ত্রণালয়
১৫) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, কমলাপুর, ঢাকা।
১৬) চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফাইনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা
১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় [ সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]

১৮) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

১৯) সহকারী সচিব, বাজেট-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়

২০) সহকারী সচিব, বাজেট-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়

২১) সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়

২২) উপপরিচালক (অর্থ/বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

২৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, রেলপথ মন্ত্রণালয়



মোঃ আব্দুল খালেক মিঞা
সহকারী সচিব